

# 💵 সুনান আন-নাসায়ী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ১৭৫৯

২০/ তাহাজ্বদ ও দিনের নফল নামাজ (کتاب قیام اللیل وتطوع النهار)

পরিচ্ছেদঃ ৫৫/ ফজরের দু'রাকআত সুন্নাত এবং বিত্রের সালাতের মধ্যবর্তী সময়ে সালাত আদায় করা মুবাহ হওয়া সম্পর্কে

باب إِبَاحَةِ الصَّلاَةِ بَيْنَ الْوِتْرِ وَبَيْنَ رَكْعَتَى الْفَجْرِ

#### আরবী

أَخْبَرَنَا عُبَيْدُ اللَّهِ بْنُ فَضَالَةَ بْنِ إِبْرَاهِيمَ، قَالَ حَدَّثَنَا مُحَمَّدٌ، \_ يَعْنِي ابْنَ الْمُبَارَكِ الصُّورِيَّ \_ قَالَ حَدَّثَنَا مُعَاوِيَةُ، \_ يَعْنِي ابْنَ سَلاَّمٍ \_ عَنْ يَحْيَى بْنِ أَبِي كَثِيرٍ، قَالَ أَخْبَرَنِي أَبُو سَلَمَةَ بْنُ عَبْدِ الرَّحْمَنِ، أَنَّهُ سَأَلَ عَائِشَةَ عَنْ صَلَاةِ، رَسُولِ اللَّهِ صلى الله عليه وسلم مِنَ اللَّيْلِ فَقَالَتْ كَانَ يُصَلِّي ثَلاَثَ عَشْرَةَ رَكْعَةً تِسْعَ رَكَعَاتٍ قَائِمًا يُوتِرُ فِيهَا وَرَكْعَتَيْنِ جَالِسًا فَإِذَا أَرَادَ أَنْ يَرْكَعَ قَامَ فَرَكَعَ وَسَجَدَ وَيَفْعَلُ ذَلِكَ بَعْدَ الْوَتْرِ فَإِذَا سَمِعَ وَرَكْعَتَيْنِ جَالِسًا فَإِذَا أَرَادَ أَنْ يَرْكَعَ قَامَ فَرَكَعَ وَسَجَدَ وَيَفْعَلُ ذَلِكَ بَعْدَ الْوَتْرِ فَإِذَا سَمِعَ نِذَاءَ الصَبْحِ قَامَ فَرَكَعَ رَكْعَتَيْنِ خَفِيفَتَيْنِ .

#### বাংলা

১৭৫৯। উবায়দুল্লাহ ইবনু ফাদালা (রহঃ) ... আবূ সালামা ইবনু আব্দুর রহমান (রাঃ) থেকে বর্ণিত যে, তিনি আয়িশা (রাঃ) কে রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর রাত্রের সালাত সম্পর্কে জিজ্ঞাসা করলে তিনি বললেনঃ তিনি তের রাকআত সালাত আদায় করতেন। নয় রাকআত দাড়ানো অবস্থায়, তাতে (তিন রাকআত) বিতরের সালাত আদায় করতেন। দু'রাকআত বসা অবস্থায় আদায় করতেন, যখন রুকু করার ইচ্ছা করতেন দাঁড়িয়ে যেতেন। তারপর রুকু এবং সিজদা করতেন। এ দু'রাকআত বিতরের সালাতের পরে আদায় করতেন। যখন ফজরের আযান শুনতে পেতেন উঠে যেতেন এবং সংক্ষিপ্তভাবে দু'রাকআত সালাত আদায় করতেন।

### **English**

Abu Salamah bin Abdur-Rahman narrated that :

He asked Aishah about the prayer of the Messenger of Allah (ﷺ) at night. She said: "He used to pray thirteen rak'ahs: nine rak'ahs standing, one of which was witr, and two rak'ahs sitting. When he wanted to bow he would stand up, and bow and prostrate, and he did that after witr. Then when he



heard the call for Subh, he stood up and prayed two brief rak'ahs.

## ফুটনোট

[সহীহ। সহীহ আবু দাউদ হাঃ ১২১১, মুসলিম (ইসলামিক সেন্টার) হাঃ ১৬০১]

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ আবূ সালামাহ্ ইবনু আবদুর রাহমান (রহঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন